

TIPRA MULUK BAITHANG NAIKOLJAK HANGKOR KOKCHAP  
KOKTHUM, HUKUMU TEI BERAIKHIRI BEDEK  
KHUMULWNG, SALTHANG TRIPURA

=====

|                                   |                      |
|-----------------------------------|----------------------|
|                                   | ADC/k-57             |
| kwtal TwiMadhu Sub-Zonal chengkha | Khumulwng,31-03-2022 |
| =====                             | =====                |

Tini ADC saktharma bai TwiMadhu Sub- Zonal Office chengjak kha. O Sub-Zonal Mungiakami Sub-Zonal ni kai 8 tei Duski Sub-Zonal ni kai 2 Village Committee twi khwlaijak kha. Kaisa panda ni bising twi o kwtal Sub-Zonal chengrwkha samung chariphang Adong Okra Purna Chandra Jamatia. Naruai Okra wngwi manjak kha Sakham bedek ni Chariphang Adong Kamal Kalai. Alaida naruai wngwi manjak kha khowai Zonal ni Chairman Bishu Debbarma. Naruai motom wngwi manjak kha. Khowai Zonal ni vice Chairman Khagesh Debbarma, Khowai Zonal ni ZDO Pradip Debbarma. Achukphang wngkha TwiMadhu Sub-Zonal ni Chairman Manik Debbarma.

O pandao kok narwkphuru samung chariphang Adong Okra Purna Chandra Jamatia sakha Centralize khwlaiyai Decentralize ni bising twi borok ni thani hamkwrai tunui rwna bagwino kwtal Sub-Zonal khwlaina nango. Bo khwnarwkha nwnngjaknai twi, thangna himna bagwi lama tei jotoni hamkwrai khwlaina bagwi tabukni ADC haphang nangmani yapri selaijak. O samungrok khwlai thani jotono chubana bagwi Mg. Jamatia koihoru. Naruai Okrani kok narwkphuru sakham bedek ni chariphang Adong Kamal Kalai sakha tini ni simi Mungia kami Sub-Zonal ni kai 8 tei Duski Sub-Zonal ni kai 2 Village Committee rok bai kwtal TwiMadhu Sub-Zonal himna chengkha. O Sub-Zonal kitingwi phainai salo berainairok khatunganw hwnwi bo sao.

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ  
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,  
ত্রিপুরা, পশ্চিম ত্রিপুরা

=====

নবগঠিত তীইমধু সাবজোন্যালের শুভ উদ্বোধন

=====

এডিসি।স-৫৭

খুলুঙ, ৩১।০৩।২০২২ইং

=====

আজ এডিসির উদ্যোগে নবগঠিত তীইমধু সাবজোন্যাল অফিস শুভ উদ্বোধন করা হয়। এই সাবজোন্যাল মুঙ্গিয়াকামি সাবজোন্যালের ৮টি ও দুষ্কি সাবজোন্যালের ২টি ভিলেক কমিটি মোট ১০টি ভিলেজ কমিটি নিয়ে তীইমধু সাবজোন্যাল অফিস গঠন করা হয়েছে। এক অনুষ্ঠানের মধ্যে দিয়ে নবগঠিত এই সাবজোন্যাল অফিস শুভ উদ্বোধন করেন মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোয়াই জোন্যালের চেয়ারম্যান বিশু দেববর্মা। সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোয়াই জোন্যালের ভাইস চেয়ারম্যান খগেস দেববর্মা, খোয়াই জোন্যালের জোন্যাল আধিকারিক প্রদীপ দেববর্মা। সভাপতিত্ব করেন তীইমধু সাবজোন্যালের চেয়ারম্যান মানিক দেববর্মা।

এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া বলেন কেন্দ্রীকরণ না করে বিকেন্দ্রীকরণের মাধ্যমে প্রশাসনের সুফল জনগণের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে নতুন সাবজোন্যাল অফিস করার প্রধান লক্ষ্য। তিনি জানান গ্রামীণ এলাকায় মানুষের জন্য পানীয় জল, যোগাযোগের জন্য রাস্তাসহ সার্বিক উন্নয়নের লক্ষ্যে বর্তমান এডিসি তিপুরা মথা প্রশাসন এগিয়ে চলেছে। এই কাজকে জোরালো করার জন্য সকালকে সহযোগিতার হাত বাড়াতে শ্রীজমাতিয়া আহ্বান রাখেন। প্রধান অতিথির ভাষণে স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই জানান আজ থেকে মুঙ্গিয়াকামি সাবজোন্যালের ৮টি ভিলেজ কমিটি ও দুষ্কি সাবজোন্যালের ২টি ভিলেজ কমিটি নিয়ে নবগঠিত তীইমধু সাবজোন্যাল পথ চলা শুরু করেছে। তীইমধু সাবজোন্যালকে কেন্দ্র করে আগামী দিনে পর্যটনের আকর্ষণীয় করে তোলা সম্ভব হবে বলে তিনি জানান।